

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বেলায়াত ও যিকর রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঙ. কুরআন-হাদীসের আলোকে যিকরের পরিচয়

কুরআন কারীম ও হাদীস শরীফের আলোকে আমরা দেখতে পাই যে, আল্লাহর যিকর বা মহান রাব্বুল আ'লামীনের স্মরণই মূলত ইসলাম। মুমিনের সকল কর্মই তো তার প্রতিপালক রাব্বুল আ'লামীনকে কেন্দ্র করে ও তাঁকেই স্মরণ করে। কাজেই, তার সকল কর্মই যিকর। কুরআন ও হাদীসে এভাবে আমরা যিকরকে ব্যাপক অর্থে ব্যবহৃত দেখতে পাই। ঈমান, কুরআন, সালাত, সিয়াম, হজ্ব ইত্যাদি সকল প্রকার ইবাদতকেই যিকর বলা হয়েছে। আবার এগুলির অতিরিক্ত তাকবীর, তাহলীল, তাসবীহ, দু'আ ইত্যাদিকেও যিকর নামে অভিহিত করা হয়েছে।

কুরআন ও হাদীসের এ সকল ব্যবহারের আলোকে আমরা যিকরকে মূলত দুই ভাগে ভাগ করতে পারিঃ ১. যে সকল ফরয বা নফল ইবাদতের ইসলামে অন্য ব্যবহারিক নাম রয়েছে, তবে যেহেতু সকল ইবাদতের মূলই আল্লাহর স্মরণ, এজন্য সেগুলিকেও যিকর নামে অভিহিত করা হয়েছে। ২. যে সকল ফরয বা নফল ইবাদত শুধুমাত্র যিকর নামেই অভিহিত এবং অন্যান্য সকল ইবাদতের অতিরিক্ত শুধুমাত্র আল্লাহর স্মরণের জন্য পালন করা হয়। নিম্নে যিকর শব্দের বিভিন্ন ব্যবহার আলোচনা করা হলোঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=8725

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন